

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৩৩২

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة) পরিচ্ছেদঃ ৫/১৭৪. রাতে 'ইবাদাতে দন্তায়মান হওয়া (কিয়ামুল লাইল)

بَابِ مَا جَاءَ فِي قِيَامِ اللَّيْلِ

আরবী

حَدَّقَنَا زُهَيْرُ بْنُ مُحَمَّد، وَالْحَسَنُ بْنُ مُحَمَّد بْنِ الصَّبَّاحِ، وَالْعَبَّاسُ بْنُ جَعْفَر، وَمُحَمَّدُ بْنُ عَنْ عَمْرِو الْحَدَقَانِيُّ، قَالُوا حَدَّقَنَا سُنَيْدُ بْنُ دَاوُدَ، حَدَّقَنَا يُوسُفُ بْنُ مُحَمَّد بْنِ الْمُنْكَدِر، عَنْ أَبِيهِ، عَنْ جَابِر بْنِ عَبْدِ اللَّهِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " قَالَتْ أُمُّ سُلَيْمَانَ بْنِ دَاوُدَ لِسُلَيْمَانَ يَا بُنَىَّ لاَ تُكْثِرِ النَّوْمَ بِاللَّيْلِ فَإِنَّ كَثْرَةَ النَّوْمِ بِاللَّيْلِ تَتْرُكُ الرَّجُلَ فَقِيرًا يَوْمَ الْقِيَامَةِ " .

বাংলা

8/১৩৩২। জাবির ইবনু আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ সুলায়মান (আলাইহি ওয়াসাল্লাম)-এর মা তাঁকে বললেন, হে বৎস! তুমি রাতে অধিক ঘুমিও না। কেননা রাতের অধিক ঘুম মানুষকে কিয়ামতের দিন নিঃস্ব অবস্থায় ত্যাগ করে।

English

It was narrated that Jabir bin 'Abdullah said:

"The Messenger of Allah (ﷺ) said: 'The mother of Sulaiman bin Dawud said to Sulaiman: "O my son, do not sleep too much at night, for sleeping too much at night will leave a man poor on the Day of Resurrection."

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ; নাই।

তাহকীক আলবানী: যঈফ। তাখরীজ আলবানী: রওযুল নামীর ২২২, তালীকুর রগীব ২২৭। উক্ত হাদিসের রাবী



মুহাম্মাদ বিন আমর আল-হামদানী সম্পর্কে ইমামগণ বলেন, তিনি অপরিচিত। ২. সুনায়দ বিন দাউদ সম্পর্কে আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি সত্যবাদী কিন্তু দুর্বল। ইবনু হিব্বান বলেন, তিনি সিকাহ তবে হাদিস বর্ণনায় সিকাহ রাবীর বিপরীত বর্ণনা করেন। ৩. শারীক সম্পর্কে আহমাদ বিন হাম্বল বলেন, তিনি সত্যবাদী। ইয়াহইয়া বিন মাঈন বলেন, তিনি সত্যবাদী কিন্তু যখন তার হাদিস সিকাহ রাবীর বিপরীত হয় তখন তিনি তার মত পরিবর্তন করে নেন। এটা আমার নিকট অধিক পছন্দনীয়। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি সিকাহ তবে হাদিস বর্ণনায় ভুল করেন। আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি সত্যবাদী কিন্তু হাদিস বর্ণনায় সংমিশ্রণ করেন। ইয়াহইয়া বিন সাঈদ আল কান্তান বলেন, আমি তাকে হাদিস সংমিশ্রণ করতে দেখেছি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন